Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### রিসার্চের বিষয়ঃ

# হিন্দুইজম (দেববেদীর অসামঞ্জস্যতা)


তত্ত্বাবধায়নেঃ

ইঞ্জি. খন্দকার মারছুছ

রিসার্চ ডিপার্টমেন্ট।

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মোছা: হাবিবা খাতুন

রোলঃ ২১৫০০৪৬১


৭ ডিসেম্বর,২০২৩ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

## রিসার্চের বিষয়ঃ

## হিন্দুইজম (দেবদেবীর অসামঞ্জস্যতা)

এই রিপোর্ট টি ইসলামিক অনলাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।


তত্ত্বাবধায়নেঃ

ইঞ্জি. খন্দকার মারছুছ

রিসার্চ ডিপার্টমেন্ট।

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মোছা: হাবিবা খাতুন

রোলঃ ২১৫০০৪৬১

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, "হিন্দুইজম (দেবদেবীর অসামঞ্জস্যতা)" বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে মোছা: হাবিবা খাতুন, আইডিঃ ২১৫০০৪৬১ বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

ইঞ্জি. খন্দকার মারছুছ
রিসার্চ ডিপার্টমেন্ট।
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

এক্সটারনালঃ

নাম:
ডিপার্টমেন্ট:
প্রতিষ্ঠান:

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " হিন্দুইজম (দেবদেবীর অসামঞ্জস্যতা) " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ইঞ্জি. খন্দকার মারছুছ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

**মোছা: হাবিবা খাতুন**

আইডিঃ ২১৫০০৪৬১

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

তারিখঃ

৭ ডিসেম্বর, ২০২৩ ইং

# সূচিপত্র


| বিষয়বস্তু | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|
| ভূমিকা | ৬-৭ |
| প্রথম অধ্যায় | ৮-২১ |
| দাওয়াতী কাজের গুরুত্ব | ৮-১১ |
| কেন আমরা অমুসলিম কে দাওয়াত দিব | ১১-১৫ |
| অমুসলিমদের কে দাওয়াত -শরয়ী বিধান | ১৬-২১ |
| দ্বিতীয় অধ্যায় | ২২-৫১ |
| দেবদেবী কি? | ২২-২৩ |
| দেবদেবীর পরিচয় | ২৩-২৬ |
| ভগবান ও দেবতাদের মধ্যে আত্মীয়ের সম্পর্ক | ২৬-২৭ |
| দেবতাদের শ্রেণিবিভাগ | ২৭-৩০ |
| দেবদেবীর সংখ্যা | ৩০ |
| দেবতা ও অসুরের অসামঞ্জস্যতা | ৩১-৩২ |
| অসুর জাতির কিছু ইতিকথা | ৩২-৪৩ |
| দেবদেবীর ক্ষমতা | ৪৩-৪৪ |
| আঞ্চলিক দেবতা | ৪৪ |
| দেবদেবীর দৈহিক বৈচিত্র্য | ৪৪-৪৫ |
| দেবদেবীর অবস্থান | ৪৫ |
| রাগের দেবতা | ৪৫ |
| প্রেমের দেবতা | ৪৬ |
| বিপদকালীন দেবতা | ৪৬ |
| অস্ত্রধারী দেবতা | ৪৬-৪৭ |
| দেবতাদের বাহন | ৪৭ |
| দেবতাদের বাহন পূজা | ৪৭ |
| শক্তিপূজা | ৪৭-৪৮ |
| সনাতন ধর্মে দুই সমকামী দেবতা | ৪৮-৫১ |
| কার্তিকের আশ্চর্য ও চমকপ্রদ জন্ম | ৫১ |

| **বিষয়বস্তু** | **পৃষ্ঠা সংখ্যা** |
|---|---|
| তৃতীয় অধ্যায় | ৫২-৫৮ |
| অনেকে দেবতাদের ফেরেশতা বলে থাকেন এটা বলা কতটুকু সমীচীন? | ৫২-৫৪ |
| দেবদেবীর কিছু অসারতার পর্যালোচনা | ৫৫-৫৭ |
| চতুর্থ অধ্যায় | ৫৮-৬৮ |
| সাধারণ কিছু প্রশ্ন- উত্তর পর্ব | ৫৯-৬২ |
| হিন্দুভাইদের সাথে কথোপকথনের মাধ্যমে দাওয়াত দেয়ার পদ্ধতি | ৬৩-৬৮ |
| রেফারেন্স | ৬৯-৭১ |

# ভূমিকা:

সমস্ত প্রশংসা আমাদের রব মহান রব্বুল আলামীন আল্লহ সুবহানাহু ওয়াতাআ'লার যিনি সর্বময় ক্ষমতার অধিকারী, যিনি সমস্ত সৃষ্টির একক ও অদ্বিতীয় স্রষ্টা, যিনি ছাড়া কোনো হক্ক ইলাহ নেই, যিনি কারো মুখাপেক্ষী নন, সবাই উনারই মুখাপেক্ষী, যিনি কাউকে জন্ম দেন নি এবং কেউ উনাকে জন্ম দেন নি, যার সমতুল্য কেউ নেই  এবং যিনি কিনা সমস্ত মানবজাতি ও জ্বীন জাতিকে সৃষ্টি করেছেন শুধুমাত্র উনারই ইবাদাত করার জন্য।  এরপরেই দরুদ ও সালাম পেশ করছি আমাদের পেয়ারা নবীজি মুহাম্মাদ সল্লাল্লাহু আ'লাইহি ওয়াসাল্লাম এর উপর যিনি শুধু শেষ নবী ই ছিলেন না বরং তিনি ছিলেন সমগ্র বিশ্ব মানবতার মুক্তির দূত যাকে আল্লহ রব্বুল আলামীন প্রেরণ করেছিলেন শেষ জামানার সকল উম্মাহর হেদায়েতের নূর হিসেবে এবং যার মেহনতের ধারাবাহিকতা কিয়ামত পর্যন্ত চলতে থাকবে। পরিপূর্ণ রহমত বর্ষিত হোক সাহাবায়ে কেরাম ও আজ পর্যন্ত ইসলামের প্রতিষ্ঠার জন্য জীবন উৎসর্গ ও ত্যাগ স্বীকারকারী মহামনীষীদের প্রতি।

উম্মাহর এই ক্রান্তিলগ্নে  ব্যথিত অন্তর যখন উম্মাহর পেরেশানি তে আচ্ছন্ন ঠিক তখনি একজন মু'মিন বান্দা বসে থাকতে পারেনা যেখানে বিধর্মী দেশগুলো মানুষের ঈমান নিয়ে খেলা করছে, যেখানে কথিত তেত্রিশ কোটি দেবতার দেশ ভারত থেকে শুরু করে সমস্ত বৌদ্ধ, খ্রিস্টান, ইহুদি রাষ্ট্র গুলো বসে নেই, এক হয়ে মুসলিম উম্মাহর ঈমান ছিনিয়ে নেয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে সেখানে আমাদের কি চুপ থেকে বসে থাকা উচিত?

এরই নিমিত্তে আমরা  এই ছোট্ট বইখানা  লিখার চেষ্টাটুকু করেছি, যদি কোনো অমুসলিম ভাই অথবা বোন বইটি পড়ে একজন ও ঈমানের আলোয় জ্বলে উঠতে পারে, অন্তরের গভীরতম কোণ থেকে কিছু ক্ষীণ আশা নিয়ে আমরা এই

বইয়ে হিন্দুইজমের "দেবতাদের অসামঞ্জস্যতা" নিয়ে আলোচনা করেছি যেন হিন্দভাইদের দাওয়াত পাওয়া আর একটু সহজ হয়। আলোচনার সাথে সাথে প্রমাণ হিসেবে তাদের হিন্দু পন্ডিতের লেখা বই থেকে কিছু তথ্য দেয়ার ও চেষ্টা করা হয়েছে। মানুষ হিসেবে আমাদের ভুল থাকতে পারে তাই ভুল গুলো ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ রইল এবং সেই সাথে পরিশেষে আল্লাহপাকের কাছে দু'আ করছি যেন তিনি আমাদের দ্বারা উনার দিকে আল্লাহর বান্দাদের ডাকার তৌফিক দান করেন। আমীন।

# প্রথম অধ্যায়

## দাওয়াতী কাজের গুরুত্ব

তাওহীদ ও রিসালাতের বিশুদ্ধ ঈমান অর্জন ও সর্ব প্রকার শির্ক, কুফর ও নিফাক থেকে আত্মরক্ষা সকল নবীরই দা'ওয়াতের বিষয় ছিল প্রথমত: এটি। কুরআন-হাদিসে এ বিষয়ের দা'ওয়াতই সবচেয়ে বেশি দেওয়া হয়েছে। একদিকে যেমন তাওহীদের বিধানাবলী বিস্তারিত বর্ণনা করে তাওহীদ প্রতিষ্ঠার দা'ওয়াত দেওয়া হয়েছে, তেমনি বারংবার শির্ক, কুফর ও নিফাকের বিস্তারিত বর্ণনা দিয়ে তা থেকে নিষেধ করা হয়েছে।

**নবী রাসূলগণের মূল দায়িত্ব:**

সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ, প্রচার, নসীহত, ওয়াজ বা এককথায় আল্লাহর দীন পালনের পথে আহ্বান করাই ছিল সকল নবী ও রাসূলের (আলাইহিমুস সালাম) দায়িত্ব। সকল নবীই তাঁর উম্মতকে তাওহীদ ও ইবাদতের আদেশ করেছেন এবং শির্ক, কুফর ও পাপকাজ থেকে নিষেধ করেছেন।

মহান আল্লাহ বলেন,

﴿ٱلَّذِينَ يَتَّبِعُونَ ٱلرَّسُولَ ٱلنَّبِيَّ ٱلۡأُمِّيَّ ٱلَّذِي يَجِدُونَهُۥ مَكۡتُوبًا عِندَهُمۡ فِي ٱلتَّوۡرَىٰةِ وَٱلۡإِنجِيلِ يَأۡمُرُهُم بِٱلۡمَعۡرُوفِ وَيَنۡهَىٰهُمۡ عَنِ ٱلۡمُنكَرِ﴾ [الاعراف: ١٥٧]

"যারা অনুসরণ করে বার্তাবাহক উম্মি নবীর, যাঁর উল্লেখ তারা তাদের নিকট রক্ষিত তাওরাত ও ইঞ্জীলে লিপিবদ্ধ পায়, যিনি তাদেরকে সৎকাজের নির্দেশ দেন এবং অসৎকাজ থেকে নিষেধ করেন।" [সূরা আল-আ'রাফ, আয়াত: ১৫৭]

এ আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কর্মকে আদেশ ও নিষেধ নামে অভিহিত করা হয়েছে। অন্যত্র এ কর্মকে দা'ওয়াত বা আহ্বান নামে অভিহিত করা হয়েছে। যেমন, আল্লাহ তা'আলা বলেন,

﴿وَمَا لَكُمۡ لَا تُؤۡمِنُونَ بِٱللَّهِ وَٱلرَّسُولُ يَدۡعُوكُمۡ لِتُؤۡمِنُواْ بِرَبِّكُمۡ﴾ [الحديد: ٨]

“তোমাদের কী হলো যে, তোমরা আল্লাহর প্রতি ঈমান আন না, অথচ রাসূল তোমাদেরকে আহ্বান করছেন যে, তোমরা তোমাদের রবের ওপর ঈমান আন।” [সূরা আল-হাদীদ, আয়াত: ৮]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ দায়িত্বকে দা‘ওয়াত বা আহ্বান বলে অভিহিত করে আল্লাহ তা‘আলা বলেন,

﴿ٱدۡعُ إِلَىٰ سَبِيلِ رَبِّكَ بِٱلۡحِكۡمَةِ وَٱلۡمَوۡعِظَةِ ٱلۡحَسَنَةِۖ وَجَٰدِلۡهُم بِٱلَّتِي هِيَ أَحۡسَنُ﴾ [النحل: ١٢٥]

“আপনি আপনার রবে দিকে আহ্বান করুন হিকমত বা প্রজ্ঞা দ্বারা এবং সুন্দর ওয়াজ-উপদেশ দ্বারা এবং তাদের সাথে উৎকৃষ্টতর পদ্ধতিতে আলোচনা-বিতর্ক করুন।” [সূরা আন-নাহল, আয়াত: ১২৫]

অন্যত্র এই দায়িত্বকেই তাবলীগ বা প্রচার বলে অভিহিত করা হয়েছে। আল্লাহ তা‘আলা বলেন,

﴿يَٰٓأَيُّهَا ٱلرَّسُولُ بَلِّغۡ مَآ أُنزِلَ إِلَيۡكَ مِن رَّبِّكَۖ وَإِن لَّمۡ تَفۡعَلۡ فَمَا بَلَّغۡتَ رِسَالَتَهُۥ﴾ [المائدة: ٦٧]

“হে রাসূল! আপনার রবের পক্ষ থেকে আপনার ওপর যা অবতীর্ণ হয়েছে তা আপনি প্রচার করুন। যদি আপনি তা না করেন তাহলে আপনি আল্লাহর বার্তা প্রচার করলেন না।” [সূরা আল-মায়েদাহ, আয়াত: ৬৭]

কুরআনুল কারীমে বারবার বলা হয়েছে যে, প্রচার বা পোঁছানোই রাসূলগণের একমাত্র দায়িত্ব। নিচের আয়াতে বলা হয়েছে:

﴿فَهَلۡ عَلَى ٱلرُّسُلِ إِلَّا ٱلۡبَلَٰغُ ٱلۡمُبِينُ﴾ [النحل: ٣٥]

“রাসূলগণের দায়িত্ব তো কেবল সুস্পষ্টভাবে প্রচার করা।” [সূরা আন-নাহল, আয়াত: ৩৫]

নূহ আলাইহিস সালামের জবানিতে বলা হয়েছে:

﴿أُبَلِّغُكُمۡ رِسَٰلَٰتِ رَبِّي وَأَنصَحُ لَكُمۡ﴾ [الاعراف: ٦٢]

“আমি আমার রবের রিসালাতের দায়িত্ব তোমাদের কাছে পৌঁছে দিচ্ছি এবং আমি তোমাদের নসীহত করছি।” [সূরা আল-আ‘রাফ, আয়াত: ৬২]

সূরা আল-আ‘রাফের ৬৮, ৭৯, ৯৩ নম্বর আয়াত, সূরা হুদ-এর ৩৪ নম্বর আয়াত ও অন্যান্য স্থানে দা‘ওয়াতকে নসীহত বলে অভিহিত করা হয়েছে

সূরা আশ-শুরার ১৩ আয়াতে বলেছেন:

﴿شَرَعَ لَكُم مِّنَ ٱلدِّينِ مَا وَصَّىٰ بِهِۦ نُوحٗا وَٱلَّذِيٓ أَوۡحَيۡنَآ إِلَيۡكَ وَمَا وَصَّيۡنَا بِهِۦٓ إِبۡرَٰهِيمَ وَمُوسَىٰ وَعِيسَىٰٓۖ أَنۡ أَقِيمُواْ ٱلدِّينَ وَلَا تَتَفَرَّقُواْ فِيهِۚ كَبُرَ عَلَى ٱلۡمُشۡرِكِينَ مَا تَدۡعُوهُمۡ إِلَيۡهِۚ﴾ [الشورا: ١٣]

“তিনি তোমাদের জন্য বিধিবদ্ধ করেছেন দীন, যার নির্দেশ দিয়েছিলেন তিনি নূহকে- আর যা আমি ওহী করেছি আপনাকে- এবং যার নির্দেশ দিয়েছিলাম ইবরাহীম, মূসা এবং ঈসাকে, এ বলে যে, তোমরা দীন প্রতিষ্ঠা কর এবং তাতে দলাদলি-বিচ্ছিন্নতা সৃষ্টি করো না। আপনি মুশরিকদের যার প্রতি আহ্বান করছেন তা তাদের নিকট দুর্বহ মনে হয়।” [সূরা আশ-শুরা, আয়াত: ১৩]

**উম্মতে মুহাম্মাদির অন্যতম দায়িত্ব ও বৈশিষ্ট্য:**

দা‘ওয়াত, আদেশ-নিষেধ, দীন প্রতিষ্ঠা বা নসীহতের এই দায়িত্বই উম্মতে মুহাম্মাদির অন্যতম দায়িত্ব ও বৈশিষ্ট্য।

আল্লাহ তা‘আলা বলেন,

﴿وَلۡتَكُن مِّنكُمۡ أُمَّةٞ يَدۡعُونَ إِلَى ٱلۡخَيۡرِ وَيَأۡمُرُونَ بِٱلۡمَعۡرُوفِ وَيَنۡهَوۡنَ عَنِ ٱلۡمُنكَرِۚ وَأُوْلَٰٓئِكَ هُمُ ٱلۡمُفۡلِحُونَ ١٠٤﴾ [ال عمران: ١٠٤]

“আর যেন তোমাদের মধ্যে এমন একটি দল হয়, যারা কল্যাণের প্রতি আহ্বান করবে, ভালো কাজের আদেশ দেবে এবং মন্দ কাজ থেকে নিষেধ করবে। আর তারাই সফলকাম।” [সূরা আলে ইমরান, আয়াত: ১০৪]

অন্যত্র মহান আল্লাহ বলেন,

﴿كُنتُمۡ خَيۡرَ أُمَّةٍ أُخۡرِجَتۡ لِلنَّاسِ تَأۡمُرُونَ بِٱلۡمَعۡرُوفِ وَتَنۡهَوۡنَ عَنِ ٱلۡمُنكَرِ وَتُؤۡمِنُونَ بِٱللَّهِۗ وَلَوۡ ءَامَنَ أَهۡلُ ٱلۡكِتَٰبِ لَكَانَ خَيۡرٗا لَّهُمۚ مِّنۡهُمُ ٱلۡمُؤۡمِنُونَ وَأَكۡثَرُهُمُ ٱلۡفَٰسِقُونَ ١١٠﴾ [ال عمران: ١١٠]

"তোমরাই শ্রেষ্ঠ জাতি, মানবজাতির (কল্যাণের) জন্য তোমাদের আবির্ভাব হয়েছে। তোমরা ন্যায়কার্যে আদেশ এবং অন্যায় কাজে নিষেধ কর এবং আল্লাহতে বিশ্বাস কর।" [সূরা আলে ইমরান, আয়াত: ১১০]

প্রকৃত মুমিনের বৈশিষ্ট্য বর্ণনা করে আল্লাহ বলেন,

﴿يُؤۡمِنُونَ بِٱللَّهِ وَٱلۡيَوۡمِ ٱلۡأٓخِرِ وَيَأۡمُرُونَ بِٱلۡمَعۡرُوفِ وَيَنۡهَوۡنَ عَنِ ٱلۡمُنكَرِ وَيُسَٰرِعُونَ فِي ٱلۡخَيۡرَٰتِۖ وَأُوْلَٰٓئِكَ مِنَ ٱلصَّٰلِحِينَ ١١٤﴾ [ال عمران: ١١٤]

"তারা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখে এবং তারা ভালো কাজের আদেশ দেয় ও মন্দ কাজ থেকে নিষেধ করে। আর তারা কল্যাণকর কাজে দ্রুত ধাবিত হয় এবং তারা নেককারদের অন্তর্ভুক্ত।" [সূরা আলে ইমরান, আয়াত: ১১৪)

## কেন আমরা অমুসলিম কে দাওয়াত দিব?

মুসলিম জাতি আজ লাঞ্ছিত, অপমানিত ও পদদলিত। বর্তমানে তারা নানা সমস্যায় জর্জরিত। যদি এসব সমস্যা নিয়ে আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করি, তাহলে আমাদের সামনে একথা দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে যাবে যে, দাওয়াতের কাজ ছেড়ে দেয়ার কারণেই মুসলমানদের এই দুরাবস্থা। দাওয়াতের কাজ পরিত্যাগ করাই হলো মুসলমানদের অবমাননাকর জীবনের মূল কারণ।

পবিত্র কুরআনে আল্লাহ তাআলা বলেছেন- 'তোমরাই শ্রেষ্ঠ জাতি। মানুষের কল্যাণের জন্যই তোমাদের আবির্ভাব হয়েছে। তোমরা সৎকর্মের আদেশ দাও এবং অসৎকর্মের নিষেধ করো। আর আল্লাহর প্রতি ঈমান রাখো।' (সূরা আল-ইমরান, আয়াত : ১১০)

আয়াতটির দিকে ভালোভাবে মনোযোগ দিই। এখানে আল্লাহ তাআলা একথা বলেননি যে, তোমাদের কেবল মুসলমানদের কল্যাণের জন্যই পাঠানো হয়েছে। বরং বলা

হয়েছে, তোমাদের পাঠানো হয়েছে সকল মানুষের কল্যাণের জন্য। সুতরাং বোঝা গেলো, মুসলিম জাতির সৃষ্টি বিশ্বমানবতা তথা মুসলমান-অমুসলমান নির্বিশেষে সকলের কল্যাণের জন্য; শুধু মুসলমানদের কল্যাণের জন্য নয়।

উক্ত আয়াতে বিশ্বমানবতার কল্যাণ কীভাবে হবে তাও পরিস্কার করে বলে দেওয়া হয়েছে। বলা হয়েছে- 'তোমরা সৎকর্মের আদেশ দাও এবং অসৎকর্মের নিষেধ করো।' আর যেহেতু সৎকর্মের মূল হলো ঈমান আর অসৎকর্মের উৎস হলো কুফর ও শিরক, তাই কুফর ও শিরক থেকে মানুষকে বাঁচানোর উদ্দেশ্যে ঈমানের দাওয়াতকে ব্যাপকতর করাই হবে সবচেয়ে বড় কল্যাণকর কাজ।

মানুষকে আল্লাহ তাআলা তাঁর ইবাদত ও দাসত্বের জন্য সৃজন করেছেন। তিনি বলেছেন, "আমি মানুষ এবং জিনকে আমার ইবাদত ও দাসত্বের জন্যই সৃষ্টি করেছি"।

আর এই দাসত্ব ও ইবাদতে পূর্ণতা অর্জনের জন্য নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনকে তিনি আদর্শ ও নমুনা হিসেবে নির্ধারণ করেছেন। সূরা আহযাবের ২১ নং আয়াতে তিনি বলেছেন- 'তোমাদের জন্য আল্লাহর রাসূলের মধ্যে রয়েছে উত্তম আদর্শ।'

সফল রাজনীতিবিদ তো অন্যের ভোটব্যাংক দখল করে সুযোগ মতো নিজের দলে যোগ করার ফিকিরে থাকে। এমনিভাবে যে শাসক শুধুই নিজের সীমান্ত রক্ষার প্রতি মনোযোগী হয়, সে ধীরে ধীরে তার শাসনাধীন এলাকা হাতছাড়া করে ফেলে। পক্ষান্তরে যে শাসক নিজ সীমান্ত রক্ষার পাশাপাশি তার সাম্রাজ্য বিস্তারের উদ্দেশ্যে বাড়তি এলাকা দখলের জন্য সুযোগের সন্ধানে থাকে; তার সাম্রাজ্যের বিস্তার না হলেও কমপক্ষে নিজের শাসনাধীন এলাকা রক্ষা পায়। এই নীতি অনুযায়ী মুসলমান ভাইদের উপর মেহনতের পাশাপাশি অমুসলিম সমপ্রদায়কেও ইসলামের দাওয়াত দিয়ে নিজেদের সংখ্যা বাড়াতে সচেষ্ট হতে হবে।

মুসলমানদেরকে ধর্মান্তরিত হওয়া থেকে রক্ষা করার জন্য উপদেশ দেওয়া এবং আমলের প্রতি উৎসাহ প্রদানের গুরুত্ব কোনো অংশেই কম নয়, কিন্তু এতটুকু কাজকে জীবনের আসল উদ্দেশ্য মনে করা কখনোই যথেষ্ট হতে পারে না। বরং মুসলিম জাতির ঈমানের স্থায়িত্ব ও দীনী সচেতনতা সৃষ্টির জন্য অন্যান্য অমুসলিম জাতির মধ্যে দাওয়াতের কাজ করাও একান্ত প্রয়োজন।

এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আলী রাযি.কে সম্বোধন করে বলেছেন- 'হে আলী! তোমার দ্বারা যদি একজন লোকেরও হেদায়েত মিলে যায়, তাহলে তোমার নাজাতের জন্য তা-ই যথেষ্ট।' (বুখারী, মুসলিম)

মুহতারাম পাঠক! এই হাদীসে মাত্র একজনের হেদায়েত লাভকে মুক্তির জন্য যথেষ্ট বলা হয়েছে। সুতরাং ভেবেচিনতে বলুন তো, এত বড় মোবারক কাজ- যার দ্বারা শত শত হাজার হাজার মানুষের হেদায়েত লাভের সম্ভাবনা রয়েছে তা থেকে কোন জিনিস আমাদেরকে দূরে সরিয়ে রেখেছে?

দাওয়াত আল্লাহর তাআলার নিকট অতি গ্রহণযোগ্য একটি আমল। এই আমলকে তিনি অত্যন্ত পছন্দ করেন। এজন্যেই তো উপরের হাদীসে দাওয়াতের মাধ্যমে কারো ঈমান আনার ফলে দাঈ'র নাজাতের ওয়াদা করা হয়েছে।

মুফাককিরে ইসলাম হযরত মাওলানা মুহাম্মদ কালীম সিদ্দিকী দামাত বারাকাতুহুম

তার 'আরমোগানে দাওয়াত' নামক গ্রন্থে' এ সংক্রান্ত একটি চমৎকার ঘটনা উল্লেখ করেছেন। তিনি বলেন-

'ফুলাতের এক লোক। নাম জানা হয়নি। আমরা তাকে মামা বলে ডাকতাম। গায়ের রঙ কুচকুচে কালো। গ্রামে গ্রামে ঘুরে তেল বিক্রি করতো সে। তার নেশা করার বদভ্যাস ছিলো। নিয়মিত স্প্রিট সেবন করতো। এতে তার ফুসফুস নষ্ট হয়ে গিয়েছিলো।

একবার রমজান মাসে শেষ জুমআর পূর্বে সে গোসল করে এবং ভোর রাতে সেহরী খেয়ে রোযা রাখার নিয়ত করলো। নামাযও আদায় করলো। তার প্রচণ্ড কাশি উঠলো। এরপর কয়েক ঘণ্টার মধ্যেই দুনিয়া থেকে চিরবিদায় গ্রহণ করলো।

জুমআর নামাযের পর পবিত্র রমযান মাসে তার জানাযা হলো। আশ্চর্যের বিষয় হলো, তার জানাযায় এতো লোকের সমাগম হয়েছিলো যে, সাধারণত আমাদের এলাকায় এমনটি দেখা যায় না। ঘটনাক্রমে আমি তার জানাযায় ইমামতি করলাম। নামাযের পর ভাবলাম, এই পবিত্র রমযান মাসে লোকটি  মারা গেলো; বড়ই মোবারক তার মৃত্যু! মুখখানি একনযর দেখার জন্য কাফন সরালাম। দেখলাম, এই কালো লোকটির চেহারা আজ কতো সুন্দর! কতো মায়াময়!! যেনো চেহারা থেকে আলো বিচ্ছুরিত হচ্ছে!!! এই দৃশ্য দেখে আমি অবাক হলাম। মনে মনে বলতে লাগলাম, হে আল্লাহ! এই লোকটির কোন আমল আপনার কাছে এত প্রিয় হলো যে, আপনি তাকে এমন মোবারক মৃত্যু দিলেন, তার চেহারাকে এমন উজ্জ্বল করলেন! খোঁজ-খবর নিয়ে জানতে পারলাম- বেচারা এক মুচি সমপ্রদায়ের হিন্দু মেয়েকে দাওয়াত দিয়ে মুসলমান বানিয়ে বিয়ে করেছিলো। মেয়েটি দীর্ঘদিন জীবিত ছিলো। বড়ই নামাযী ও দীনদার ছিলো। এসব শুনে আমার বুঝে এসে গেলো যে, প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আলী রা.কে ডেকে যা বলেছিলেন এটা তার বাস্তব প্রতিচ্ছবি। দেখুন, একজন হিন্দু মেয়েকে মুসলমান করায় এই লোকটির কী ঈর্ষণীয় মৃত্যু হলো!!!’

দাওয়াতের কাছে আগ্রহী কিছু ভাই মনে করেন- ‘আজ ইসলাম ও মুসলমানদের জন্য প্রতিকূল পরিবেশ বিরাজ করছে। সুতরাং বর্তমানে যেখানে মুসলমান হওয়াই একটি অমার্জনীয় অপরাধ, বিশ্বের তাবৎ শক্তি যেখানে ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধংদেহী, সেখানে অমুসলিমদেরকে দাওয়াত দেয়া একটি কল্পনা বৈ কিছু নয়।’ আসলে এটি ভুল ধারণা ও শয়তানী চক্রান্ত।

প্রিয় ভাই-বোনেরা! যদিও একথা সত্য যে, বর্তমান সময়টি ইসলাম ও মুসলমানদের জন্য প্রতিকূল, কিন্তু মনে রাখতে হবে, রাত যত গভীর হয় প্রভাত তত নিকটবর্তী

হয়। ইসলামের শান এই যে, চরম প্রতিকূল পরিস্থিতিতেও দাওয়াতের ক্ষেত্রে উর্বরই হয়ে থাকে। ইতিহাস এমনটাই সাক্ষ্য দেয়।

আসলে প্রতিকূল পরিবেশেই ইসলাম ও ঈমানের চাষ করার জন্য জমি অত্যাধিক উর্বর থাকে। সুতরাং এখন প্রয়োজন বীজ বপনের। মাওলানা কালিম সিদ্দীকি সাহেব যার হাতে লক্ষ লক্ষ মানুষ মুসলমান হয়েছে, তিনি দৃঢ়তার সাথে জোর দিয়ে বলেছেন- 'বর্তমান সময়ে ঈমান ও ইসলামের দাওয়াতের জন্য এমনই পরিবেশ বিরাজ করছে যে, কেউ যদি এই বিষয়ে চেষ্টা করে তবে তার দ্বারা যে কতো লোকের হেদায়েতের ফয়সালা হবে তা আল্লাহ তাআলাই ভালো জানেন।'

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিদায় হজের ভাষণে বলেছেন- শুনে রেখো, উপস্থিতিরা অনুপস্থিতিদের কাছে (দীনের দাওয়াত) পৌঁছে দেবে।

প্রিয় পাঠক! নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর এই নির্দেশসূচক বাক্য দ্বারা তো দীনের দাওয়াত দেয়া ফরজ হওয়া বোঝায়। এজন্যেই তো হযরত সাহাবায়ে কেরাম এই নির্দেশ বাস্তবায়নের জন্য পৃথিবীর কোণায় কোণায় ছুটে গিয়েছিলেন। গোটা পৃথিবীকে তারা দাওয়াতের লক্ষ্যবস্তু বানিয়েছিলেন। সুতরাং নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর প্রতি ভালোবাসা পোষণকারী উম্মতের জন্য কী এটা শোভা পায় যে, তারা এই মোবারক নির্দেশ পালনে উদাসীন থাকবে?

আল্লাহ তাআলা আমাদের সবাইকে বিষয়টির গুরুত্ব ভালভাবে অনুধাবন করে দাওয়াতের উর্বর জমীনে ঝাঁপিয়ে পড়ার তাওফীক দান করুন। আমিন।

# অমুসলিমদের দাওয়াত -শরয়ী বিধান

এপর্যায়ে আমরা আলোচনা করবো অমুসলিমদেরকে দাওয়াত দেয়ার শরয়ী বিধান কি? ফরজে আইন, ফরজে কেফায়া, না সুন্নাত। নিচের আলোচনা থেকে আশা করি বিষয়টি স্পষ্ট হয়ে যাবে।

**ফরজে আইন**

অমুসলিমদের মাঝে দাওয়াতী কাজ ঐ সময় ফরজ হবে যখন কুফর বিজয়ী থাকবে, সত্য পরাজিত থাকবে, দা'ঈর সংখ্যা হবে নিতান্তই কম, মন্দকাজ হবে ব্যাপক, মুর্খতা ও অজ্ঞতা সর্বস্তরে বিরাজ করবে। এমতাবস্থায় ব্যক্তিগতভাবে সাধ্যানুযায়ী অমুসলিমদের মাঝে দাওয়াত ফরজে আইন।

**সুন্নাত**

অমুসলিমদের মাঝে দাওয়াতী কাজ ঐ সময় সুন্নাত হবে, যখন দা'ঈদের সংখ্যা থাকবে পর্যাপ্ত। দাওয়াতী সংঘঠন চতুরদিকে ছড়িয়ে পরবে। হক বিজয়ী থাকবে। বাতিল থাকবে পরাজিত। রাষ্ট্র নিজেই দাওয়াতী কাজ আঞ্জাম দিবে। এই অবস্থায় সাধরণ মানুষের উপর দাওয়াতী কাজ করা সুন্নাত।

**ফরজে কেফায়া**

ওলামায়ে কেরাম এ ব্যাপারে একমত যে, অমুসলিম ভাই-বোনদেরকে ইসলামের দাওয়াত দেয়া ফরজে কেফায়া। অনেকে বলেছেন সাধ্যানুযায়ী ফরজে আইন। আমরা ফরজে কেফায়াই ধরে নিলাম। এবার আমাদের জানতে হবে ফরজে কেফায়া কাকে বলে?ফরজে কেফায়া বলা হয় এমন হুকুম বা কাজ, যা সকল মুসলমানের উপর ফরজ। তবে সকলের পক্ষ থেকে যদি কিছু মানুষ ওই কাজ আদায় করে দেয়, তাহলে সকলের পক্ষ থেকে আদায় হয়ে যাবে এবং আল্লাহর পক্ষ থেকে শাস্তিপ্রাপ্ত হবে না। যদি আদায় না করো তাহলে সকলেই গুনাহগার হবে।

সাধারণত ফরজে কেফায়া বলতে আমরা জানাজার নামাযকে বুঝি। কাফন দাফনসহ জানাজার নামায সম্পূর্ণ করতে হলে কমপক্ষে চারজন লোকের প্রয়োজন। একজন ইমাম হলে, বাকি তিনজন মুক্তাদি। দাফনের জন্য কবরের উপরে থাকবে দু'জন। আর লাশটি কবরে নামানোর জন্য কবরে থাকবে দু'জন। মোট কথা, কাফন-দাফন সম্পন্ন হতে হলে মোট চারজন লোকের প্রয়োজন। তাহলে ফরজে কেফায়া আদায় হবে। যদি ফরযে কেফায়া আদায় না হয়, তাহলে ওই মহল্লার সকলেই গুনাহগার হবে এবং সমাপ্ত করার দায়িত্ব পড়বে পার্শ্ববর্তী সকল মুসলমানের উপর। যদি তারাও আদায় না করে, তাহলে পর্যায়ক্রমে সকল মুসলমান গুনাহগার হবে। তদ্রুপ অমুসলিমদের কাছে ইসলামের দাওয়াত পৌঁছানো হলো ফরজে কেফায়া। প্রত্যেক অমুসলিমের কাছে দাওয়াত পৌঁছানোর জন্য এমন কিছু লোক থাকতে হবে। যাদের মাধ্যমে তাদের কাছে দাওয়াত পৌঁছে যায়। যদি সকলের কাছে দাওয়াত না পৌঁছে, তাহলে সকল মুসলমান গুনাহগার হবে।

জানাজার নামাযের সাথে মিলালে বোঝা যায়, প্রত্যেক এলাকায় কমপক্ষে চার জন ব্যক্তি এমন থাকতে হবে, যারা সর্বদায় অমুসলিমদেরকে ইসলামের দাওয়াত দিবে। যদিও চারজন দ্বারা দাওয়াতের ফরজে কেফায়া আদায় হবে না।প্রিয় পাঠক! এবার আপনার কাছে আমার প্রশ্ন, আপনি বলুন তো দেখি! আপনার এলাকায় (আপনি যে অঞ্চলেরই হোন না কেন।) এমন চারজন ব্যক্তি আছে, যারা সর্বদা অমুসলিমদের দাওয়াত দিচ্ছেন ? যদি এলাকায় না থাকে তাহলে আপনার পুরো জেলায় এমন চারজন মানুষ আছে কি, যারা সর্বদা সকল মুসলমানদের পক্ষ থেকে অমুসলিমদেরকে দাওয়াত দিচ্ছেন ? যদি উত্তর 'না' হয়, তাহলে বলুন, আমরা কি ফরজে কেফায়া আদায় করছি? যদি আদায় না করে থাকি তাহলে আমরা কি গুনাহগার হচ্ছি না? অবশ্যই হচ্ছি। আর কতদিন এই ফরজে কেফায়া ছেড়ে দেয়ার গুনাহ মাথায় নিয়ে ঘুরবো? যদি কোন ব্যক্তি এককভাবে দাওয়াত দেয়ার চেষ্টা করতে থাকে, তাহলে উক্ত ব্যক্তি নিজে গুনাহ থেকে বেঁচে যাবে। কিন্তু সমষ্টিগতভাবে সকলেই গুনাহগার হবে।

## জিম্মাদারী আদায়ের পদ্ধতি

দাওয়াতী কাজ যেহেতু আমাদের উপর ফরজ। এই কাজ আমাদের করতেই হবে। এখন প্রশ্ন হলো – কীভাবে করবো ? সবাই কি একসাথে দাওয়াত দিবে? সাধ্য ও যোগ্যতা অনুযায়ী একেক জনের কাজের ধরণও ভিন্ন হবে। বিষয়টি বুঝার সুবিধার্থে কুরআন থেকে তিনটি উদাহরণ পেশ করছি । আল্লাহ্ তা'আলা সূরা নামলের মাঝে দুইটি প্রাণীর আলোচনা করেছেন।

### পিপীলিকা:

সুলাইমান – এর ঘটনায় আল্লাহ্ তা'আলা বলেছেন, সুলাইমান যখন সৈন্যদের নিয়ে যাচ্ছিলেন, পথে এক স্থানে পিপীলিকার দল গর্ত থেকে বাইরে বের হয়ে এসেছিল। পিপীলিকার রাণী যখন বুঝতে পারলো যে তারা সুলাইমান আ. এরসৈন্য দলের পায়ের নিচে পরে পিষ্ট হয়ে যাবে। তখন রাণীপিপীলিকার দলকে ডাক দিয়ে বললো তোমরা তোমাদের গর্তে প্রবেশ কর। অন্যথায় তোমরা সুলাইমান আ. এর সৈন্যের পদদলিত হয়ে পিষ্ট হয়ে যাবে।কুরআনে করীম পিপীলিকাদের রাণীকে দা'ঈ হিসাবে পেশ করেছে। কতো ছোট একটি প্রাণী! তার অন্তরে ছোট একটি ব্যথিত হৃদয় ! তার মধ্যে নিজ জাতিকে বিপদ থেকে বাঁচানোর কতো ফিকির। সে কোন মাধ্যম ছাড়াই সরাসরি নিজ জাতিকে বিপদ থেকে বাঁচানোর ফিকির করেছে।কিন্তু আমরা দেখছি আমাদের জাতি ঝাপ দিচ্ছে চিরস্থায়ী জাহান্নামের দিকে। প্রতি মুহর্তে পা ফেলছে ধ্বংসের দিকে। এব্যাপারে আমাদের কোন ফিকির নেই।

### হুদহুদ পাখি:

আল্লাহ্  তা'আলা সূরা নামলে হুদহুদ পাখির ঘটনা আলোচনা করেছেন। হুদহুদ পাখি মুলকে সাবায় গেল। গিয়ে দেখল ওই দেশর রাণী বিলকিস এবং তার পুরো জাতি আল্লাহতা'লা কে ছেড়ে সূর্যের পূজা করছে। পাখি অস্থির হয়ে গেল। সে সরাসরি ওখানে লোকদের বুঝাতে পারলো না। কারণ তার ভাষা ভিন্ন, আর ওই দেশের ভাষাই ভিন্ন। পাখির ভাষা তারা বুঝতে পারতো না। সুলাইমান আ. পাখিদের ভাষা

জানতেন। তাদের কথা বুঝতেন। তাই পাখি সুলাইমান আ. এর দরবারে উপস্থিত হয়ে প্রতিবেশী দেশের খবর দিলো। বলল সেখানে শিরক হচ্ছে। ফলে আপনি দ্রুত কোন পদক্ষেপ নিন। সুলাইমান আ. হুদহুদের কথা শুনে খবরটি যাচাই-বাছাই করলেন। এরপর রাণী বিলকিসের কাছে দাওয়াতী পত্র পাঠালেন। এর ফলে রাণী বিলকিস ইসলামের ছায়াতলে আশ্রয় নেয় ।একটি সাধারণ পাখির প্রচেষ্টায় একটি দেশের রাণী ইসলাম কবুল করেছে। এর দ্বারা আমরা শিক্ষা অর্জন করতে পারি, আমরা যদি নিজে কোন কারণে দাওয়াতী কাজ না করতে পারি, তাহলে এমন লোককে এই কাজে নিয়োগদেব, যে এই কাজ আঞ্জাম দিতে পারবে। আমরা যদি মাদ‘উর ভাষা না বুঝি তাহলে মাদ‘উর ভাষায় ইসলামী পুস্তিকা বই এবং কুরআন ইত্যাদি প্রকাশ করে বিতরণ করতে পারি।

আমাদের দেশে খ্রিস্টানরা বিভিন্ন বই পুস্তক বিতরণ করে। যেখানে সেখানে ইঞ্জিল বিতরণ করে। এসকেটি নামে ডাক যোগে বই ও প্রচারপত্র বিতরণ করে। এই কাজের জন্য তারা নির্দিষ্ট লোক নিয়োগ দিয়েছে। তারা এর জন্য চেষ্টা মেহনত চালিয়ে যাচ্ছে। এতে সফলতাও অর্জন করছে। যা আমাদের করার ছিল তা আমরা করছি না।

বলুন তো এপর্যন্ত কয়জন অমুসলিমের কাছে আমরা  কয়টি বই বা কুরআন বিতরণ করেছি? নিজেরা সরাসরি দাওয়াত না দিতে পারলে কমপক্ষে বই পুস্তক বা পত্রের মাধ্যমে খুব সহজেই দাওয়াত দিতে পারি।

**আসহাবে কাহাফের কুকুর:**

সূরা কাহাফে আল্লাহতা‘আলাআসহাবে কাহাফের কুকুরের দৃষ্টান্ত পেশ করেছেন। সেই সাত যুবক যুগের বাদশার সামনে হক্কের আওয়াজ উচু করে ছিল। ফলে পুরো রাষ্ট্র তাদের দুশমন হয়ে যায়। তারা তাদের জাতি থেকে দূরে এক স্থানে এসে একটি পাহাড়ের গুহায় আশ্রয় নেয়। তাদের সাথে ছিল একটি কুকুর,যা তাদের পাহারা দিচ্ছিলো।

এর দ্বারা বুঝাগেল যে, কেউ যদি নিজে দাওয়াতী কাজ না করতে পারে অন্যকে দিয়েও করাতে পারছে না তাহলে কমপক্ষে দা‘ঈ ইলাল্লাহ্র সহযোগী ও পাহারাদারী হিসাবে কাজ করবে। দা‘ঈদের প্রয়োজন মিটানোর চেষ্টা করবে।দাওয়াত ফরজ হওয়ার ব্যাপারে দলিল হিসাবে যে সকল আয়াত পেশ করা হয় তার মধ্যে কয়েকটি নিচে পেশ করা হলো-

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِ

তোমরাই হলে সর্বোত্তম উম্মত, মানবজাতির কল্যাণের জন্যেই তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে। তোমরা সৎকাজের নির্দেশ দান করবে ও অন্যায় কাজে বাধা দেবে এবং আল্লাহর প্রতি ঈমান আনবে।

قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي وَسُبْحَانَ اللهِ وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِين

বলে দিন এটাই আমার পথ। আমি জেনে-বুঝে আল্লাহর দিকে দাওয়াত দেই এবং আমার অনুসারীরাও। আল্লাহ পবিত্র, আমি অংশীবাদীদের (শিরককারীদের) অন্তর্ভুক্ত নই।

এই আয়াতে সকল উম্মতের উপর দাওয়াতের জিম্মাদারী দেয়া হয়েছে। ইমাম গাজালী রহ. একস্থানে লিখেছেন, যদি কোন এলাকায় কোন কাফের মারা যান, তাহলে সকল মুসলিম জিজ্ঞাসিত হবে।

وَادْعُ إِلَى رَبِّكَ وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ

কাফেররা যেন আপনাকে আল্লাহর আয়াত থেকে বিমুখ না করে। সেগুলো আপনার প্রতি অবতীর্ণ হওয়ার পর আপনি আপনার পালনকর্তার প্রতি দাওয়াত দিন এবং কিছুতেই মুশরিকদের দলভুক্ত হবেন না।

وَمَا كَانَ الْمُؤْمِنُونَ لِيَنْفِرُوا كَافَّةً فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِنْهُمْ طَائِفَةٌ لِيَتَفَقَّهُوا فِي الدِّينِ وَلِيُنْذِرُوا قَوْمَهُمْ إِذَا رَجَعُوا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُونَ

আর সমস্ত মুমিনের অভিযানে বের হওয়া সঙ্গত নয়। তাই তাদের প্রত্যেক দলের একটি অংশ কেন বের হলো না, যাতে দ্বীনের জ্ঞান লাভ করে এবং সংবাদ দান

করে স্বজাতিকে, যখন তারা তাদের কাছে প্রত্যাবর্তন করবে, যেন তারা বাঁচতে পারে।

আল্লাহ আমাদের সবাইকে বুঝার তাওফিক দান করুন।

---

কুরআন থেকে রেফারেন্স :

সুরা: নামল-৮,২০-৪০,

আলে ইমরান -১১০

ইউনুস-১০৮

কাসাস-৮৭

তাওবা-১২২

# দ্বিতীয় অধ্যায়

## দেবদেবী কি?

হিন্দুধর্মে দেবদেবী বলতে পরমেশ্বরের গুণ ও ক্ষমতার কোনো বিশেষ আকার বা রূপের প্রকাশ বুঝানো হয় যা হিন্দু ধর্মানুসারীদের নিকট পূজিত হয়ে থাকে। যদিও প্রত্যেক দেবতার আলাদা আলাদা জটিল চরিত্র বিদ্যমান, তথাপি অনুসারীগণ দেবতাদের এক পরম সত্তা ব্রহ্মের অংশবিশেষ হিসেবে মনে করেন। বৈচিত্রপূর্ণ এই উপাস্য বোঝাতে দেব, দেবী, ঈশ্বর, ভগবান, ভগবতী ইত্যাদি শব্দগুলো ব্যবহার করা হয়।

হিন্দুদের দেব-দেবীগণ বৈদিক যুগ (খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতক) ও মধ্যযুগে (খ্রীষ্টীয় প্রথম শতক) নেপাল ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বহু বিবর্তনের মধ্য দিয়ে বর্তমান অবস্থায় পৌঁছেছে। হিন্দু দেবতা বলতে যোগশাস্ত্রের ইষ্টদেবতা ,তেত্রিশ বৈদিক দেবতা বা শতাধিক পৌরাণিক দেবতাদের কথা বোঝানো যায় । এদের মধ্যে মুখ্য দেবতারা হলেন বিষ্ণু, শিব, শ্রী বা লক্ষ্মী, পার্বতী বা দুর্গা, ব্রহ্মা, সরস্বতী প্রভৃতি। প্রত্যেক দেবতার আলাদা আলাদা জটিল চরিত্রাবলী বিদ্যমান হলেও তাদেরকে অনেকসময়ই "ব্রহ্ম" নামে এক নিরাকার পরম সত্তার অংশবিশেষ বলে ধরা হয়। প্রাচীন কাল থেকেই এই একত্বের ধারণা হিন্দুধর্মের অন্যতম এক বৈশিষ্ট্য, যা ধর্মশাস্ত্র এবং হরিহর (শিব ও বিষ্ণু), অর্ধনারীশ্বর(অর্ধেক শিব অর্ধেক পার্বতী) -এর মতো মূর্তিগুলোর ক্ষেত্রে দেখা যায়।

মুখ্য দেবতার উপাসকরা হিন্দুধর্মের ভিন্ন শাখাগুলোর জন্ম দিয়েছেন, যেমন: শৈবমত, বৈষ্ণবমত ও শাক্তমত। কিন্তু শাখাগুলোর মধ্যে বহু মিল পাওয়া যায়।

হিন্দু দেবতাদেরকে বিভিন্ন প্রতীকের দ্বারা বুঝানো হতে পারে, যেমন ছবি বা প্রতিমা। আর্য সমাজ বা ব্রাহ্ম সমাজের মতো ঊনবিংশ শতাব্দীর ধর্মমতগুলো একাধিক দেবতার ধারণাকে বাতিল করে নিরাকার একেশ্বর-বিশ্বাসের পথে

হেঁটেছেন। জৈনধর্ম বা বহির্ভারতীয় থাইল্যান্ড বা জাপানিজ বৌদ্ধবিশ্বাসে হিন্দু দেবতাদের আপন করে নেওয়া হয়েছে। এখনও এসব দেবতাদের সেইসব ধর্মীয় মন্দিরে বা শিল্পে দেখানো হয়।

প্রাচীন ও মধ্যযুগীয় শাস্ত্রে মানবশরীরকে এক মন্দির বলে বর্ণনা করা হয়েছে। বলা হয়ে থাকে, ভগবান মানবমন্দিরেই বসবাস করেন। একইভাবে ব্রহ্ম বা পরমতম সত্তাকে আত্মা বলে বর্ণনা করা হয়েছে। হিন্দুরা বিশ্বাস করেন যে এই আত্মা শাশ্বত ও চৈতন্যের কারণ।

## দেবদেবীর পরিচয় :

খুব সংক্ষেপে দেবদেবীর পরিচয় তুলে ধরা হলো যেখানে ভগবান ও দেবদেবীর মধ্যে আত্মীয়তার সম্পর্কের সংক্ষিপ্ত রূপরেখা দেখানো হয়েছে --

হিন্দুধর্মের আকিদা বিশ্বাসের মতে প্রভু একজন - তিনি

নিরাকার। পরে তিনি আবার সাকারে এসেছেন। তিনি সর্বময় ক্ষমতার অধিকারী। তারপর তার ক্ষমতা ভাগ করা হয়েছে -

-সৃষ্টি করার ক্ষমতাগুণের নাম: ব্রহ্মা

-লালন করার ক্ষমতাগুণের নাম: বিষ্ণু

- ধ্বংসের দেবতা -শিব।

শিবের আরো কিছু নাম আছে :

- ভোলানাথ (অল্পতে তুষ্ট তাই ভোলানাথ)

- ত্রি নয়নি (তিনটি চোখ তাই ত্রি নয়নি)

- মহেশ্বর

- নীলকণ্ঠ

- নটোরাজ।

ভগবানের মূল ব্রহ্মা-

ঈশ্বরের একটি রুপ ব্রহ্ম। ব্রহ্মারুপে ঈশ্বর সৃষ্টি করেন। সৃষ্টি করা তার কাজ। বিশ্বের সবকিছু তিনিই সৃষ্টি করেন।

বিষ্ণু **:** হিন্দু বৈষ্ণব সম্প্রদায়ের সর্বোচ্চ দেবতা। আদি শংকর প্রমুখ স্মার্ত পন্ডিত এর মতে, বিষ্ণু ঈশ্বরের পাঁচটি রুপের অন্যতম। আবার তৈত্তিরীয়শাখা ও ভগবতগীতা আদি শ্রুতিশাস্ত্রে তাঁকে সর্বোচ্চ ঈশ্বরের মর্যাদা দেওয়া হয়েছে।

-বিষঞুর ৭ম নম্বরে রাম রুপে এসেছে

-বিষঞুর ৮ম নম্বরে কৃষঞ রুপে এসেছে

কৃষ্ণ : হলেন হিন্দুধর্মাঅনুসারীদের আরাধ্য বিশিষ্ট দেবতা। তিনি বিষ্ণুর অষ্টম অবতার রুপে খ্যাত। কখনো কখনো তাঁকে সর্বোচ্চ ঈশ্বর ('পরমসত্ত্বা') অভিধায়ভূষিত করা হয় এবং হিন্দুদের অন্যতম প্রধান ধর্মগ্রন্থ শ্রীমদভগবদগীতার প্রবর্তক হিসাবে মান্য করা হয়।

-কৃষঞ এর প্রেমিকা রাধা। রাধা তার মামী।

-কৃষঞ বিবাহ ৮ +১৬০০১

-সন্তানঃ ১ লক্ষ ৮০ হাজার।

-বেচেছিলঃ ১২৫ বছর।

**শিব**: হিন্দুধর্মের অন্যতম প্রধান দেবতা। ঈশ্বরের সৃজন, পালন, ও সংহার এই ত্রিশক্তি যথাক্রমে ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই তিন দেবতারুপে পরিচিত। এই সৃজন -পালন-সংহার প্রক্রিয়ার মধ্য দিয়েই জগৎসংসার চলমান আছে।

**শিবের স্ত্রী- পার্বতী(পর্বতকন্যা)**: হিমালয়ের পাদ দেশে তার বাড়ি ছিল। পার্বতী আত্মহত্যা করার পর, পরজন্মে দূর্গা হয়ে আসে।

শিব পরবর্তীতে আশ্রমে অবস্থান নেয়।

**দূর্গা:** যিনি দূর্গতি বা সংকট থেকে রক্ষা করেন।

দূর্গা আবির্ভাবের কারন : অসুর ব্রহ্মা থেকে বর লাভ করেছিল যে

-কোন দেবতা তাকে হত্যা করতে পারবে না।

-কোন প্রাণীকুল তাকে হত্যা করতে পারবে না।

-কোন মানুষও তাকে হত্যা করতে পারবে না।

অমৃতের বর পাওয়ার পর অসুর স্বর্গে হামলা করল দেবতাদেরকে সর্বহারা করল। ভিটেমাটি হারা হয়ে দেবতারা ব্রহ্মার শরণাপন্ন হয়, ব্রহ্মা দেবতাদেরকে সাথে নিয়ে বিষ্ণুর শরণাপন্ন হয়। বিষ্ণু, ব্রহ্মা, দেবতারা সবাই মিলে শিবের কাছে শরণাপন্ন হয়। শিব, বিষ্ণু, ব্রহ্মা, সবাই একত্রে পরামর্শ করে যে একে আমরা একা কেউ ঠেকাতে পারবো না তাই সবার শক্তি একত্র করা হোক- দশের লাঠি একের বোঝার মতো, যে যেই বিষয়ে পারদর্শী আছো এই শক্তি একত্র কর এই শক্তির মাধ্যমে যে দেবীর সৃষ্টি হল সে হলো ভক্তির দেবী দুর্গা।

পরবর্তীতে অসুরদেরকে বধ করার উপর দূর্গার নাম পরিবর্তিত হয়- যেমন মহেশ অসুরদেরকে সে বধ করে অসুরের নামে তার নাম লাভ করে "মহেশশাসুর মর্দিনী"।

দুর্গম অসুরকে বধ করেছে এজন্য নাম হয়েছে 'দুর্গা'

এভাবে অনেক অসুরকে হত্যা করতে তাকে অনেক বেগ পেতে হয় কারণ মৃত অসুরের রক্ত মাটিতে পড়লে তা হতে নতুন অসুরের সৃষ্টি হয় তাই অসুরের রক্ত ভক্ষণ করার জন্য দুর্গা আরও একটি ভয়ংকর রূপ ধারণ করে ভয়ংকর রূপটি হলো কালী। কালির হাত চারটি, দুর্গার হাত ছিল দশটি। কালী হচ্ছে ভয়ংকর রূপ, দুর্গা ছিল শান্ত রূপ।

## কালীর বাহ্যিক বৈশিষ্ট্য :

কালীর হাত চারটি। তার মাথায় থাকে মুন্ডমালা, অসুরদের মন্ড কেটে ৫২ টি মাথা দিয়ে মালা বানিয়ে তার মাথায় ঝুলানো আছে। জিহ্বা দাঁত দিয়ে কামড় দেয়া দেখা যায়। পায়ের নিচে শিব শুয়ে আছে তার স্বামীর বুকের উপর পা দিয়ে সে দাঁড়িয়ে আছে যেহেতু স্বামীর উপর পাড়া দিয়ে ফেলেছে তাই ভয়ে লজ্জায় জিহ্বা কামড় দিয়েছে, বড় অসুর কে হত্যা করতে পেরে খুশিতে পাগলের মত নৃত্য করছিল তাই স্বর্গরাজ্য কাঁপছিল, দেবতারা তাতে পেরেশান হয়ে ওঠে শিবের শরণাপন্ন হয় শিবও তাকে শান্ত করতে না পেরে কৌশল করে তার সামনে শুয়ে পড়ে সামনে শুয়ে পড়ায় স্বামীর গায়ে তার পা পড়ে।

## দুর্গার দশটি হাত কেন?

দশের শক্তির প্রতীক তাই দশটি হাত। আর দশজনের অস্ত্রগুলো তার হাতে। অসুরদের সাথে যুদ্ধের জন্য তো শক্তির দেবতা পুরুষ হওয়ার কথা ছিল দেবী (নারী) হল কেন?

যেহেতু বরপ্রাপ্ত অসুর বর লাভ করেছিল এই বলে যে, কোন দেবতা, প্রাণী বা মানুষ তাকে হত্যা করতে পারবে না এই ধরনের বরের কারণে দেবীর সৃষ্টি হয় কারণ বরে এটা উল্লেখ নেই যে, কোন দেবী তাকে মারতে পারবেনা। শর্তের বহির্ভূত হল দেবী তাই পুরুষ না হয়ে নারী সৃষ্টি হল।

## ভগবান ও দেবতাদের সাথে আত্মীয়ের সম্পর্ক:

-শিব এবং (কালী) দুর্গার চারজন সন্তান।

-দুই ছেলে কার্তিক ( সৌন্দর্য দাতা)আর গণেশ( সিদ্ধিদাতা)

-দুই মেয়ে -লক্ষ্মী(জ্ঞানদাতা)- স্বামী বিষ্ণু,

-সরস্বতী(ধনসম্পদের দেবী) - স্বামী ব্রহ্মা।

রাজার সন্তান যেমন রাজা হয় তেমন প্রভুর সন্তান তো ভগবান প্রভু হওয়ার কথা তাহলে স্রষ্টার যদি সন্তান হয় এবং তা যদি একাধিক হয় তাহলে মূল ভগবান স্রষ্টা কে হবে তা নিয়ে তো দ্বন্দ্ব সৃষ্টি হবে।

এজন্য যৌক্তিকভাবে বুঝা যায়  স্রষ্টার কোন সন্তান, স্ত্রী থাকতে পারে না।

ব্রহ্মা অথবা বিষ্ণু অথবা শিব তিনজন মিলেই একজন বলা হয়ে থাকে -

তিনজন মিলে যদি একজন হয় তাহলে একজনের সন্তান মানে সবারই সন্তান একজনের স্ত্রী হলে সবারই স্ত্রী সবার বক্তব্য এবং মন-মানসিকতা একই বা অভিন্ন থাকবে। ঝগড়াঝাঁটি অথবা মারামারি অথবা হাঙ্গামা করবে না অথচ তাদের মধ্যে এই সবকিছুই হয়েছে।

পরিচয় পর্যালোচনা : আমরা এখানে দেখলাম যে একজন ভগবান বা দেবতা সৃষ্টিকর্তা, লালনকর্তা, ধ্বংসকর্তা এসব হওয়ার পাশাপাশি মানুষ হিসেবে বিবাহ করেছেন, ছেলে মেয়ে জন্ম দিয়েছেন,  তাদের শ্বশুর বাড়িও ছিল, এত কিছু করে আবার প্রভুর দায়িত্ব পালন করেছিল।

এখানে কিছু প্রশ্ন থেকে গেল - শিবই যদি ধ্বংসকর্তা হয় তাহলে তিনি দুনিয়াতে আসার আগে কে ধ্বংস করতো?

শিবই যদি ধ্বংসকর্তা হন তাহলে তাকে কে ধ্বংস করলো? পক্ষান্তরে কিন্তু আমাদের আল্লহপাক সমস্ত একচ্ছত্রের মালিক, একই সাথে তিনি রক্ষাকর্তা, পালনকর্তা, ধ্বংসকর্তা, তাঁর স্ত্রী,সন্তান, বিবাহের মতো দুনিয়াবি কাজের কোনো প্রয়োজন হয়নি, তিনি এসব থেকে পুরোপুরি পবিত্র ছিলেন।

# দেবতাদের শ্রেণিবিভাগ

হিন্দুধর্ম গ্রন্থের উপর ভিত্তি করে দেব-দেবীদের নিম্নলিখিত ভাগ করা হয়েছে--

১.বৈদিক দেবতা

২.পৌরাণিক দেবতা এবং

৩.লৌকিক দেবতা

**বৈদিক দেবতা**

বেদে বর্ণিত দেবতা বৈদিক দেবতা হিসেবে পরিচিত। বৈদিক যুগে বহু দেবতার উদ্দেশ্যে স্তুতি দৃষ্ট হয়। এঁদের মধ্যে তেত্রিশ দেবতাকে প্রধান হিসেবে ধরা হয়। এঁরা ১১ জন করে পৃথিবী, অন্তরীক্ষ ও দ্যুলোকের দেবতা।অগ্নি, বায়ু এবং ইন্দ্র-ই(সূর্য) দেবতা রূপে ভিন্ন ভিন্ন কর্মে ও বিশেষণে ত্রিলোকে ক্রিয়া করেন।

বেদে দেবের কর্ম হচ্ছে দ্যোতন অর্থাৎ সত্যোপদেশ করা। দেবের আধ্যাত্মিক অর্থ অনুযায়ী যে মানুষ সত্য মানেন, সত্য বলেন এবং সত্য উপদেশ দান করেন, তিনি দেব। দেবের বিশেষত্ব হচ্ছে দ্যুস্থান অর্থাৎ ওপরে স্থিতি লাভ। ব্রহ্মাণ্ডের ওপর স্থিতি লাভ করার জন্য সূর্যকে, সমাজের ওপর স্থিতি লাভ করার জন্য বিদ্বানকে এবং রাষ্ট্রের ওপর স্থিতি লাভ করার জন্য রাজাকে দেব বলে। বেদের দেবতা বিষয়ে নিরুক্তকার যাস্ক বলেছেন,

”দেবো দানদ্বা দীপনাদ্বাদ্যোতনাদ্বা দ্যুস্থানো ভবতীতি বা।

—ঋষি যাস্ক, নিরুক্ত ৭/১৫”

...দেবতা ঐশ্বর্য্য প্রদান করেন, দেবতা তেজোময় বলিয়া পদার্থের দীপন বা দ্যোতন অর্থাৎ প্রকাশ করেন; ...‘দিবি তিষ্ঠতি’- দ্যুস্থানে বা দ্যুলোকে অবস্থিত, ইহাও বা ‘দেব’ শব্দের নির্ব্বচন হইতে পারে; ‘দিব্’ শব্দ হইতে ‘দেব’ শব্দের নিষ্পত্তি। এই শেষোক্ত নির্ব্বচনেও অগ্নির বিশেষণ হইতে কোন বাধা নাই। কারণ সামান্যতঃ সকল দেবতারই স্থান দ্যুলোক, অগ্নি এবং ইন্দ্রেরও দ্যুলোকই স্থান, তবে তাঁহাদের বিশিষ্ট কর্ম্মাধিকার স্থান পৃথিবী এবং অন্তরীক্ষ -অগ্নি পৃথিবী হইতেই হবির্বহন করেন এবং ইন্দ্রও অন্তরীক্ষে থাকিয়া বর্ষণ করেন।

—অমরেশ্বর ঠাকুর, কলকাতা বিশ্ববিদ্যালয়

বৈদিক দেবমণ্ডলীতে দেব  ও অসুর নামে দুটি শ্রেণীর উল্লেখ পাওয়া যায়। অন্যান্য দেবতারা হলেন বিষ্ণু, রুদ্র (পরবর্তীকালে শিবের সমার্থক), প্রজাপতি (পরবর্তীতে

ব্রহ্মা) প্রভৃতি। বৈদিক দেবীর সংখ্যাও উল্লেখযোগ্য। এঁদের মধ্যে ঊষা, পৃথিবী, অদিতি, সরস্বতী, সাবিত্রী, বাক, রাত্রি, অরণ্যানী ইত্যাদি ঋগ্বেদে বর্ণিত। শ্রী বা লক্ষ্মীও পরবর্তী বৈদিক সাহিত্যে আছেন। প্রত্যেক দেবতা এক একটি করে বিশেষ জ্ঞান বা প্রাকৃতিক শক্তির প্রকাশক। বেদ হল বিভিন্ন দেবতার স্তোত্রের একটি সংকলন। এই দেবতাদের মধ্যে সবচেয়ে বেশি উল্লেখিত দেবতারা হলেন ইন্দ্র, অগ্নি এবং সোম। অগ্নিদেবকে সমগ্র মানবজাতির মিত্র বলে উল্লেখ করা হয়েছে। জলদেবতা বরুণ ও বিশ্বদেব নামে এক দেবমণ্ডলীও প্রধান ছিলেন। বৈদিক যুগে দেব-দেবীর কোনো বিগ্রহ বা মূর্তি ছিল না। তবে বৈদিক মন্ত্রে এ সকল দেবতার রূপ, গুণ ও ক্ষমতার বর্ণনা রয়েছে।

## পৌরাণিক যুগের দেবতা

বিভিন্ন পৌরাণিক সাহিত্যে যে-সকল দেবতার বর্ণনা করা হয়েছে, তাঁদের পৌরাণিক দেবতা বলা হয়। মহাকাব্য ও মধ্যযুগীয় পুরাণসমূহে দেবতাদের সঙ্গে নানারকম রূপক উপাখ্যান ও বর্ণনা করা আছে। বৈদিক যুগে দেব উপাসনা ছিল যাগযজ্ঞ কেন্দ্রিক, হোম ও যজ্ঞের মাধ্যমে বেদের মন্ত্র উচ্চারণ করে দেবতাদের আহ্বান করা হতো। তবে প্রতিমা পূজার প্রচলন হয় আরও পরে। এমন কি রামায়ন ও মহাভারত হতেও প্রতিমা পূজা প্রচলন সম্পর্কে জানা যায় না। অনুমান করা হয়, গুপ্তযুগে পুরাণ রচিত হলে এর প্রচলন শুরু হয়। এই যুগ থেকে দেবতার সাকার রূপে উপাসনা প্রচলন হয়। এই পৌরাণিক যুগে দেবতাদের বৈশিষ্টে বিবর্তন দেখা যায়। ইন্দ্র, অগ্নির প্রাধান্য হ্রাস পেয়ে অপ্রধান দেবতা যেমন বিষ্ণু, শিব প্রভৃতির প্রাধান্য বৃদ্ধি পায়। এ সময় দেবতার মানবায়ন হয় এবং মানবিকভাবে পূজিত হন।

পুরাণে পুরুষ দেবতার মধ্যে ব্রহ্মা, বিষ্ণু ও শিব হচ্ছেন প্রধান। এঁদের একত্রে বলা হয় ত্রিদেব। বেদে উল্লিখিত মন্ত্রময় বিষ্ণুকে পুরাণে দেখা যায় শঙ্খ-চক্র-গদা-পদ্মধারীরূপে। এছাড়াও আছেন গণেশ, কার্তিক, যম সহ আরও বহু দেবতা। নারী দেবতার মাঝে আছেন দুর্গা বা পার্বতী, কালী, জগদ্ধাত্রী, অন্নপূর্ণা প্রভৃতি।

## লৌকিক দেবতা

বেদে ও পুরাণে যে-সকল দেবতার কথা বলা হয় নি, কিন্তু ভক্তগণ তাঁদের পূজা করেন, তাঁদের বলা হয় লৌকিক দেবতা। যেমন- মনসা, শীতলা, ষষ্ঠী, দক্ষিণ রায় প্রভৃতি । পরবর্তীকালে মনসা দেবীসহ আরও কিছু লৌকিক দেবতা পুরাণে অন্তর্ভুক্ত হয়েছেন ।

## দেবদেবীর সংখ্যা:

হিন্দুধর্মে দেবদেবীর সংখ্যা বলা হয় ৩৩ কোটি কিন্তু কোথাও সেটা লেখা নেই আদতে লেখাও সম্ভব নয়। ঋগবেদে দুই স্থানে ৩ হাজার তিনশত উনচল্লিশ জন দেবদেবীর কথা বলা হয়েছে -ঋগবেদ,মন্ডল-৮ সুক্ত-৩। কিন্তু অন্যত্র শুধুমাত্র ৩৩ জনেরই কথা বলা হয়ে থাকে তবে তাদের মূলত প্রধান ঈশ্বর একজন -এই ধারণা ও আছে।

তেত্রিশ দেবতার নাম বৈচিত্র্যময়। এর মধ্য থেকে নিম্নে ভাগবত পুরাণ অনুসারে দ্বাদশ আদিত্য, ভাগবত পুরাণ অনুসারে একাদশ রুদ্র ও মতান্তরে একাদশ রুদ্র , মহাভারত অনুসারে অষ্টবসু, এবং দুই অশ্বিন।

এছাড়া ধর্মের সকল শাস্ত্র খোঁজ করে চারশত এর বেশি দেবদেবীর সংখ্যা বা নাম খুজে পাওয়া যায় না। এরমধ্যে প্রায় দুইশত এর মত দেবদেবীর পূজা হিন্দুধর্মাবলম্বীগণ কম বেশি করে থাকেন, কোনো কোনো দেবতা একই ব্যক্তি কর্তৃক একাধিকবার পূজিত হতে পারেন। ঘোষিত ৩৩ কোটি দেবতার তুলনায় জানা দেবতার সংখ্যা সীমিত। বহু দেবতার কোনো ভক্ত নেই বললেও চলে।

# দেবতা ও অসুরের অসামঞ্জস্যতা

অসুর - হল একটি নির্দিষ্ট শ্রেণীর জীব বা শক্তিকামী গোত্র যা হিন্দুধর্মের কল্যাণকামী সত্ত্বা দেবের (সুর নামেও পরিচিত) সঙ্গে অধিক সম্পর্কযুক্ত। পরিভাষাটিক ভাষাগতভাবে ইন্দো-ইরানীয় ও প্রাক-জরাথুস্ত্রবাদী যুগের অহুরের সঙ্গে সম্পর্কিত বলে ধারণা করা হয়।

অসুরেরা সবসময় দেবদের সঙ্গে যুদ্ধ করে থাকে। ভারতীয় পাণ্ডুলিপিতে অসুরদেরকে শক্তিশালী অতিমানব অর্ধদেবতা হিসেবে বর্ণনা করা হয়েছে, যাদের ভালো কিংবা খারাপ গুণাবলি থাকে। ভালো অসুরদের বলা হয় আদিত্য আর তারা বরুণের দ্বারা পরিচালিত হয়, অপরদিকে অকল্যাণকামী অসুরদের বলা হয় দানব এবং তারা বৃত্রের দ্বারা পরিচালিত হয়।বৈদিক পাণ্ডুলিপির প্রাচীনতম অংশগুলোতে অগ্নি, ইন্দ্র ও অন্যান্য দেবতাদেরকেও অসুর বলে ডাকা হয়েছে, কারণ তারা নির্দিষ্ট কিছু ক্ষেত্র, জ্ঞান বা ক্ষমতার "অধিপতি"। পরবর্তী বৈদিক ও বৈদিক-পরবর্তী লেখনীসমূহে, কল্যাণকামী দেবতাদের দেব বলা হয়েছে, যেখানে অকল্যাণকামী অসুরেরা উক্ত দেবদের বিরুদ্ধে প্রতিযোগিতা করে, যাদেরকে "দেবতাদের শত্রু" হিসেবে বিবেচনা করা হয়।

দেব, যক্ষ (প্রাকৃতিক আত্মা) ও রাক্ষসদের (ভূত, দৈত্য) পাশাপাশি অসুররা হল ভারতীয় পৌরাণিকতার অংশ। হিন্দুধর্মে বহু মহাজাগতিক তত্ত্বে অসুরদেরকে তুলে ধরা হয়।

অসুরের আহারাভাব হলেই দল বেঁধে পাহাড় হতে, সমুদ্রকূল হতে গ্রাম নগর লুঠতে এল। কখনও বা ধনধান্যের লোভে দেবতাদের আক্রমণ করতে লাগল। দেবতারা বহুজন একত্র না হতে পারলেই অসুরের হাতে মৃত্যু; আর দেবতার বুদ্ধি প্রবল হয়ে নানাপ্রকার যন্ত্রতন্ত্র নির্মাণ করতে লাগল। ব্রহ্মাস্ত্র, গরুড়াস্ত্র, বৈষ্ণবাস্ত্র, শৈবাস্ত্র—সব দেবতাদের; অসুরের সাধারণ অস্ত্র, কিন্তু গায়ে বিষম বল। বারংবার অসুর দেবতাদের হারিয়ে দেয়, কিন্তু অসুর সভ্য হতে জানে না, চাষবাস করতে পারে না, বুদ্ধি চালাতে

জানাতে না। বিজয়ী অসুর যদি বিজিত দেবতাদের স্বর্গে রাজ্য করতে চায় তো সে কিছুদিনের মধ্যে দেবতাদের বুদ্ধিকৌশলে দেবতাদের দাস হয়ে পড়ে থাকে। নতুবা অসুর লুঠ করে পরে আপনার স্থানে যায়। দেবতারা যখন একত্রিত হয়ে অসুরদের তাড়ায়, তখন হয় তাদের সমুদ্রমধ্যে তাড়ায়, না হয় পাহাড়ে, না হয় জঙ্গলে তাড়িয়ে দেয়। ক্রমে দু-দিকেই দল বাড়তে লাগল লক্ষ লক্ষ দেবতা একত্র হতে লাগল, লক্ষ লক্ষ অসুর একত্র হতে লাগল। মহাসংঘর্ষ, মেশামেশি, জেতাজিতি চলতে লাগল।

এভাবেই দেব ও অসুর কে ঋগ্বেদ থেকে শুরু করে হিন্দধর্মের বিভিন্ন শাস্ত্রে দেব ও অসুর কে কখনো একই গোষ্ঠী তে ফেলে আবার কিছু জায়গায় ভিন্নরূপে উপস্থাপন করা হয়েছে, অনেক পন্ডিতের মতে ইন্দ্র প্রথমের দিকে অসুর হিসেবে অনেক পরশুজন ও নিম্নমাদ্র নরনারী, পুরুষ, শিশু কে নির্মমভাবে  হত্যা করেছে, অনেক অত্যাচার করা হয়েছে তাদের উপর ইন্দ্রের নেতৃত্বে আবার অপর দিকে কয়েক শতাব্দী পর ইন্দ্র দেবতা হিসেবে পূজিত হয়, অর্থাৎ ইন্দ্রকে অসুর ও দেবতা দুই রুপই দেয়া হয় ঋগবেদ।

## অসুর জাতির কিছু ইতিকথা

ভারতীয় সংস্কৃতিতে দ্রাবিড় জাতির অবদান কম নয়। প্রাচীন দ্রাবিড় সভ্যতা সম্পূর্ণভাবে আর্যভাবশূন্য। আর্যদের সঙ্গে তাঁদের সমাজগঠনেরও পার্থক্য ছিল। দ্রাবিড়-সমাজে মাতৃপক্ষ পরিবার থেকে পরিবার গঠিত হত, আর্যসমাজে কিন্তু পিতৃপক্ষ থেকে পরিবার গঠিত হত। তথাকথিত 'অসুর' সমাজের সঙ্গে দ্রাবিড় সমাজ গঠনের অনেকটা মিল পাওয়া যায়। আর্যরা যাঁকে 'ময় অসুর' বলে নিন্দা করেছিলেন, সেই 'ময়'ই, দ্রাবিড় সভ্যতার বিজ্ঞান সাধনায় চরম সাক্ষ্য-দান করেছিলেন। পূর্ত ও স্থপতি-বিদ্যার আর্য আদর্শ হলেন 'বিশ্বকর্মা', আর দ্রবিড় আদর্শ হলেন 'ময়দানব'। 'সুমেরীয়', 'কাল্ডীয়', 'ঈজীয়' ও 'মিশরীয়' সভ্যতার উপরে দ্রাবিড় সভ্যতার প্রভাব পড়েছিল বলে গবেষকরা মনে করেন। দ্রাবিড় জাতি নৌ-বিদ্যায় পারদর্শী ছিল, দ্রাবিড়

ভাষায় সেটার পরিচয় পাওয়া যায়। সংস্কৃত নৌ-সম্বন্ধীয় শব্দাবলী দ্রাবিড় ভাষা থেকেই নেওয়া হয়েছিল। দ্রাবিড় জাতি যে বাইরে থেকে ভারতে এসেছিল - এই ধরনের কোন প্রমাণ পাওয়া যায় না। অতি প্রাচীনকালে যে ভারতবর্ষ ও মেসোপোটেমিয়ার মধ্যে যোগাযোগ ছিল, সেটা ২১০০ খ্রীস্টপূর্বাব্দের একটি ফলক ও অন্যান্য নিদর্শন থেকে প্রমাণিত হয়। ঐতিহাসিকরা প্রত্নানুসন্ধান করে বৈদিক দেবতাদের মধ্যে ছয়জনকে ভারতের বাইরে অতি দূরদেশে খুঁজে পেয়েছিলেন। 'ইন্দ্র', 'মিত্র', 'বরুণ', 'নাসত্য', 'সূর্য' ও 'মরুৎ' - এই ছয়জন দেবতার উল্লেখ পাওয়া যায় বোগাসকুই শিলালেখে, তেল-এল-অমরনার পত্রাবলী এবং ব্যাবিলনের কাসাইটদের রেকর্ডসমূহে। ইরানী জাতিও সম্ভবতঃ ভারত থেকে পশ্চিমে অগ্রসর হয়েছিল। গবেষকদের মতে তাঁরাও বেদবর্ণিত অসুর জাতির সমপর্যায়ভুক্ত।

বিশ্ব ইতিহাসে দুটি সর্বাধিক প্রাচীন ধর্মগ্রন্থের সন্ধান পাওয়া যায়। প্রথমটি হল 'ঋগ্বেদ' এবং দ্বিতীয়টি হল 'আবেস্তা'। 'আবেস্তা' বা 'জেন্দ আবেস্তা' হল 'জরাথুস্ট্রবাদের' পবিত্র ধর্মগ্রন্থ। 'জরাথুস্ট্রবাদ' একটি অতিপ্রাচীন 'ইরানীয় একেশ্বরবাদী ধর্ম' বা ধর্মীয় মতবাদ। ভারতীয় উপমহাদেশে সেটি 'পারসী ধর্ম' নামেও পরিচিত। গবেষকরা বেদ ও আবেস্তার তুলনামূলক আলোচনা করে, ঋগ্বেদকেই প্রাচীন বলে আখ্যা দিয়েছেন। কারণ, বেদের অনেক আখ্যানের সঙ্গে অবেস্তার আখ্যানের সাদৃশ্য পাওয়া যায়। আবেস্তা অনুসরণকারীদের ক্ষৌরকর্মের প্রণালী, পরিধেয়ের পদ্ধতি, তাঁদের জয়ধ্বনি সূচক শব্দের সঙ্গে আর্যদের অনেক মিল পাওয়া যায়। আবেস্তার 'ষণ্ড', 'মর্ক', 'বেরেত্রেয়', 'ত্রেতন' হল অথর্ববেদের 'ষণ্ড', 'মর্ক', 'বৃত্রঘ্ন', 'ত্রিতআপ্ত্য'। ঐতিহাসিকদের মতে, বেদপন্থী ও অবেস্তাপন্থীদের পূর্বপুরুষরা আগে একই জায়গায় একই সঙ্গে বাস করতেন। তাঁরা যেখানে থাকতেন, সেই জায়গাটাকে তাঁরা 'স্বর্গ' বলতেন। বেদপন্থীদের পূর্বপুরুষরা নিজেদের 'দেব' বলতেন ও অন্য দলকে 'অসুর' নামে অভিহিত করতেন। তখন দেব ও অসুর 'ঈশ্বর' (Lord) অর্থেই প্রযুক্ত হত। সেই সময় দেব ও অসুরদের পরস্পরের মধ্যে বেশ মিল ছিল। তাঁরা পরস্পর পরস্পরকে 'ভ্রাতৃব্য' বলে বুঝতেন। সহোদর ভ্রাতা না হলে

তখন ‘ভ্রাতৃব্য’ বলে পরিচয় দেবার কথা ছিল। এখন যেমন পিতৃব্য বললে পিতাকে না বুঝিয়ে কাকা, জ্যাঠাকে বোঝায়; তখন তেমনি ‘ভ্রাতৃব্য’ বললে সহোদর ভ্রাতা না বুঝিয়ে অন্য সবাইকে বোঝানো হত। ক্রমে উভয় দলের মধ্যে ধর্মমতের পার্থক্য ঘটেছিল।

‘ভৃগু’ অগ্নিপূজার প্রবর্তন করেছিলেন। দেবগণ যজ্ঞ করতে শুরু করেছিলেন। প্রথম প্রথম অসুরেরাও তাতে যোগ দিয়েছিলেন, কিন্তু পরে তাঁরা আর যজ্ঞ করতে রাজি ছিলেন না। শেষে পরিস্থিতি এমন হয়ে দাঁড়িয়েছিল যে, দেব বললে যজ্ঞকারী মাত্রই বোঝানো হত। ‘শতপথ-ব্রাহ্মণ’ (১.৫.৫.২৬) তাই দেবের সংজ্ঞা দিয়েছে - ‘‘যজ্ঞেন বৈ দেবাঃ’’। অসুরেরা সারা বৈদিক সাহিত্যে স্বর্গবাসী। প্রথম প্রথম ‘অসুর’ শব্দটি বৈদিক যুগের দেবতাদের কাছে খুব শ্রদ্ধাবাচক, মর্যাদাব্যঞ্জক ছিল। বৈদিক যুগের গোড়ার দিকে যাঁরা খুব বড় হতেন, তাঁরা অসুর উপাধিতে ভূষিত হতেন। ‘মরুৎ’, ‘দ্যৌ’, ‘বরুণ’, ‘ত্বষ্টা’, ‘অগ্নি’, ‘বায়ু’, ‘পুষা’, ‘সবিতা’, ‘পর্জন্য’ - এঁরা সকলেই বেদে সম্মানসূচক ‘অসুর’ পদবাচ্য ছিলেন। তাঁদের অলৌকিক শক্তি ছিল বলে, বৈদিক ঋষিরা তাঁদের ‘অসুর’ বলতেন। বেদে অন্ততঃ ১৫০ বার ‘অসুর’ শব্দের উল্লেখ পাওয়া যায়। সেগুলো সবই ভাল অর্থে ব্যবহৃত হয়েছিল। কেবলমাত্র ১৫ বার শব্দটি দুষ্ট অর্থে ব্যবহার করা হয়েছিল। যতদিন দেব ও ‘অসুর’ মিল ছিল, ততদিন ‘অসুর’ বললে মর্যাদা ও প্রভাব বোঝাত। কিন্তু যখন মনের অমিল হতে শুরু হয়েছিল, তখন তাঁরা উভয়ে উভয়ের প্রতি আকর্ষণ ভুলে গিয়েছিলেন। ফলে উভয় দলের মধ্যে বেশ শত্রুতার সৃষ্টি হয়েছিল। প্রথম প্রথম এক এক জন অসুরের সঙ্গে এক এক জন দেবতাদের যুদ্ধ হত। শেষে দেবতা ও অসুরদের মধ্যে একদল অন্য দলের সঙ্গে যুদ্ধ করতে শুরু করেছিলেন। যুদ্ধের শুরুর দিকে অসুরেরা দেবতাদের জ্বালিয়ে মারতেন। শেষে দেবতারা বহু কষ্টে ছলে-কৌশলে জয়ী হয়েছিলেন। এই সম্পর্কে বিষ্ণুর ত্রিবিক্রমের উদাহরণ খুব প্রসিদ্ধ। যুদ্ধের সময় দেব ও অসুর উভয়েই ‘ইন্দ্র’কে পাবার জন্য, তাঁর সাহায্যের জন্য চেষ্টা করেছিলেন। ঋগ্বেদে (১.৭.১০) ইন্দ্র সম্পর্কে দেবতারা বলেছিলেন - ‘‘অস্মাকংস্তু কেবলঃ’’। অসুরদের বিক্ষিপ্ত করে দেবার জন্য

ইন্দ্রকে তাঁরা বার বার ডেকেছিলেন (৮.৮৫. ৯)। 'অগ্নি' তাঁদের ভরসা দিয়েছিলেন যে, অসুরদের বিধ্বস্ত করবার জন্য তিনি; মন্ত্র তৈরি করে দেবেন (১০.৫৩.৪)। অসুরদের মধ্যে বড় বড় বীর ছিলেন। 'পিপরু' অসুরের, 'শম্বর' অসুরের অনেকগুলি দুর্গ ছিল। 'শম্বরের' অন্ততঃ ৯০টি (১.১৩০.৭) কিংবা ৯৯টি (২.১৯.৬) দুর্গ ছিল। 'বর্চী' অসুরের লক্ষ লক্ষ যোদ্ধা ছিল। তিনি নিজেও খুব দুর্দান্ত যোদ্ধা ছিলেন।

দেবতাদের অনেক সময় সেই সব দুর্দান্ত অসুরদের উপরে নির্ভর করতে হত (১০.১৫১.৩১)। যখন যুদ্ধ লাগত তখন - ইন্দ্র, বিষ্ণু, অগ্নি, সূর্য - দেবতাদের হয়ে যুদ্ধ করতেন। ইন্দ্র একা অসুর 'পিপরু'র দুর্গ নষ্ট করে দিয়েছিলেন (১০.১৩৮.৩)। ইন্দ্র ও বিষ্ণু মিলে অসুর 'বর্চী'র লক্ষ বীরকে বিধ্বস্ত করে দিয়েছিলেন (৭.৯৯.৫)। অসুরদের সঙ্গে অনেক যুদ্ধে জয়লাভ করে ইন্দ্র (৬.২.৪), অগ্নি (৭.১৩.১) ও সূর্যের (১০.১৭০.২) নাম হয়েছিল - 'অসুরহা'। 'রুদ্র' ছিলেন 'মহা অসুর' (৫.৪২.১১), অসুরেরা তাঁর ভক্ত ছিলেন। দেবাসুরের যুদ্ধের পর থেকে যখন দেবতারা অসুরদের একেবারে সরিয়ে দিয়েছিলেন (১০.১৫৭.৪) সেই সময় থেকে তাঁরা অসুরদের শত্রু বলে উল্লেখ করতেন। তখন থেকে দেবতারা তাঁদের 'ভ্রাতৃব্য' বলে ভর্ৎসনা করতেন। 'তাণ্ড্য মহাব্রাহ্মণে' তাই দেখতে পাওয়া যায় - ''এতয়া বৈ দেবা অসুরান্নতৎ ক্রামন্নতি পাপ্মানং ভ্রাতৃব্যং ক্রামতি য এতয়া স্তুতে।'' সেই সময় থেকে ভ্রাতৃব্য আর ভাই ছিল না; ভ্রাতৃব্য শব্দের অর্থ হয়ে গিয়েছিল শত্রু। পরে যে কারণেই হোক, এমন হয়েছিল যে, দুই দলের মধ্যে আর কোন সম্পর্ক ছিল না। অসুরদের আরও একটা বৈশিষ্ট্য ছিল যে, তাঁরা 'গুহ্য বিদ্যা' জানতেন। সেই বিদ্যার নাম ছিল 'মায়া'। সেটারই প্রভাবে তাঁরা অসামান্য শক্তিসম্পন্ন হয়ে উঠেছিলেন। যখন দেবতারা অসুরদের কাছ থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়েছিলেন, সেই সময়ে বা সেই সময়ের পরে যে সমস্ত সাহিত্য রচিত হয়েছিল, সেগুলোতে অসুরদের স্নেহের দৃষ্টিতে দেখানো হয়নি। তাই 'শতপথ-ব্রাহ্মণে' বলা হয়েছে, দিন দেবতাদের, আর অসুরদের সঙ্গী অন্ধকার (২.৪.২.৫)। 'তৈত্তিরীয় সংহিতা'তেও বলা হয়েছে যে, রাত্রি অসুরদের (১.৫৯.২)। তবে সব গ্রন্থেই একথা বলা হয়েছে যে, অসুররা হলেন 'প্রজাপতির সন্তান'। আগে

তাঁরা দেবতাদের সমান ছিলেন। বৈদিক যুগের শেষের দিকে অসুর বললে আর দেবতা বোঝাতো না; পরবর্তী বৈদিক সাহিত্যে অসুর শব্দের অর্থ একেবারে পাল্টে গিয়ে হয়ে দাঁড়িয়েছিল - 'অপদেবতা'। 'শতপথ ব্রাহ্মণে' অসুরদের 'রাক্ষস' বলা হয়েছে। একই সাথে বলা হয়েছে যে তাঁরা 'দেবনিন্দক'। তবে 'প্রজাপতি' যে দেব ও অসুরদের পিতা, 'শতপথ' সেটা স্বীকার করে নিয়েছে। 'শতপথ ব্রাহ্মণ' গ্রন্থে অসুরদের 'মেরু-নিম্নবাসী' বলা হয়েছে। 'মায়া' বলে একটি গ্রন্থ ছিল অসুরদের বেদ। 'পরাবসু' ছিলেন সেটির হোতা। তাতে 'নমুচি অসুর', 'স্বর্ভাবু অসুর', 'কপিল অসুর', 'কালকাঙ্গ অসুর' প্রভৃতির কথা ছিল । 'কালকাঙ্গ অসুর' রাশীকৃত অগ্নিবেদী করে স্বর্গে উঠবার চেষ্টা করেছিলেন। পুরাণে অসুরদের নিয়ে অনেক কথা পাওয়া যায়। পুরাণ বর্বরদের - অসুর ও রাক্ষস - এই সাধারণ নামে আখ্যাত করেছে। রামায়ণ, মহাভারত ও পুরাণগুলি পাঠ করলে বেশ বুঝতে পারা যায় যে, অসুরেরা আদতে 'রুদ্রোপাসক' ছিলেন। তাই তাঁদের 'শৈব'ও বলা যেতে পারে। 'লিঙ্গপুরাণ' অনুসারে, অসুর ও রাক্ষসরা যজ্ঞাদি পুণ্যকর্ম করে দেবাদিদেব শিবের কাছ থেকে কয়েকটি বর পেয়েছিলেন।

শিবের রক্ষিত হয়ে তাঁরা দেবতাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন ও তাঁদের পরাভূত করেছিলেন। শেষে ইন্দ্র সমেত অন্যান্য দেবগণ, শিবের কাছে একজন বিঘ্নবিনাশকারী 'বিঘ্নেশ্বর'কে সৃষ্টি করবার জন্য প্রার্থনা করেছিলেন। 'লিঙ্গপুরাণ' অনুযায়ী - ''বিঘ্নেশ্বর অসুর ও রাক্ষসদের পুণ্য সঞ্চয়ে বাধা জন্মাইবেন, তাহা হইলে তাঁহারা আর শিবের নিকট বর পাইবেন না। শিব সন্তুষ্ট হইলেন। পার্বতীর গর্ভে শিবাংশ বিঘ্নেশ্বর জন্মগ্রহণ করিয়া বিঘ্ন জন্মাইতে ও দেবতাদের শুভফল উৎপাদন করিতে লাগিলেন।'' 'মৎস্যপুরাণ' অনুসারে, দেবাসুরে ১২ বার যুদ্ধ হয়েছিল (৩৯-৫২ অঃ)। (৫৮ অঃ) 'প্রহ্লাদ' যখন পরাজিত হয়েছিলেন, তখন ইন্দ্র ত্রিলোকের অধিপতি হয়েছিলেন। অসুরগুরু 'শুক্র' অসুরদের ত্যাগ করে দেবতাদের কাছে চলে গিয়েছিলেন। অসুরেরা তাঁর কাছে প্রার্থনা করেছিলেন যে, যেন তিনি তাঁদের পরিত্যাগ না করেন। শুক্র তাঁদের সাহায্য করবেন বলে আশ্বস্ত করেছিলেন (৬০ অঃ)। কিন্তু

